

কারিগরি প্রতিষ্ঠানের ওপর শুমারি হবে

সরকারি-বেসরকারি কারিগরি ও
বৃত্তিমূলক শিক্ষাপ্রতিষ্ঠান নিয়ে দেশে
প্রথমবারের মতো শুমারি করবে
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
(বিবিএস)। এ শুমারির মাধ্যমে
দেশে কতগুলো এ ধরনের প্রতিষ্ঠান
 রয়েছে, তাদের দক্ষতা কী রকম—
এসব বিষয়ের প্রকৃত চিত্র তুলে
আনা হবে। পরিকল্পনা কমিশনে
গতকাল এক সংবাদ সমেলনে
পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা
কামাল এ কথা জানান। এসময়
বিবিএসের শীর্ষ কর্মকর্তারা উপস্থিত
ছিলেন। আগামী ডিসেম্বর মাসে
শুমারির ফল প্রকাশ করা হবে।

- নিজস্ব প্রতিবেদক